# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
## মুখপাত্র
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২১৭

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ১০০৭তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ১০০৭তম কমিশন সভা অদ্য ০৭/০৪/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১। কমিশন অদ্যকার সভায়, City Bank PLC এর ১,২০০ (বারো শত) কোটি টাকা মূল্যের ৭ বছর মেয়াদি Unsecured, Non-convertible, Fully Paid-up, Fully Redeemable, Coupon Bearing Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Coupon Rate হবে Reference Rate (Average of the upper limit of 6-month FDs of private conventional banks excluding Shariah, foreign, and banks that received license from 2012 onwards) + 3% Coupon Margin। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, ব্যাংকসমূহ, কর্পোরেট প্রতিষ্ঠানসমূহ, ব্যক্তিগত বিনিয়োগকারী এবং মিউচুয়াল ফান্ডসমূহদের নিকট ইস্যু করা হবে । এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০০,০০০/- (দশ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে City Bank PLC কর্তৃক Corporate, Retail এবং SME lending খাতে ব্যয় করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে EBL Investments Limited এবং Arranger হিসাবে কাজ করবে City Bank Capital Resources Limited ও IDLC Investments Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

২। কমিশন অদ্যকার সভায়, Jamuna Bank PLC এর ৮০০ (আটশত) কোটি টাকা মূল্যের Non-Convertible, Unsecured, Fully Redeemable, Floating Rate Subordinated Bond এর সম্মতিপত্রের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে সর্বশেষবারের মতো মেয়াদ সেপ্টেম্বর ৩০, ২০২৬ পর্যন্ত বৃদ্ধি করার অনুমোদন দিয়েছে। উল্লেখ্য যে, মূল সম্মতিপত্রের অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৩। কমিশন অদ্যকার সভায়, Trust Bank PLC এর ৫০০ (পাঁচশত) কোটি টাকা মূল্যের Unsecured, Non-Convertible, Redeemable, Floating Rate Subordinated Bond VIII এর সম্মতিপত্রের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে সর্বশেষবারের মতো মেয়াদ সেপ্টেম্বর ৩০, ২০২৬ পর্যন্ত বৃদ্ধি করার অনুমোদন দিয়েছে। উল্লেখ্য যে, মূল সম্মতিপত্রের অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

07/04/2026

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র